অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে অ্যামিটিভিলে রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন

এগারোটি ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প গ্রামের হাঁটার উপযোগিতা উন্নত করে এবং ব্যবসা ও আবাসন সুযোগ সম্প্রসারণ করে একটি প্রাণবন্ত ও বৈচিত্র্যময় ডাউনটাউন তৈরি করে

প্রকল্পসমূহের রেন্ডারিং পাওয়া যাবে [এখানে]

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে অ্যামিটিভিল গ্রামে 11টি রূপান্তরকারী প্রকল্প ঘোষণা করলেন। এই অর্থ সংযোগ, হাঁটার উপযোগিতা, ট্রানজিট অ্যাক্সেস এবং সৌন্দর্যবর্ধনকে উন্নত করবে এবং একটি ট্রানজিট অভিমুখী কেন্দ্র হিসেবে ডাউনটাউনের প্রবৃদ্ধির প্রচার করতে ক্ষুদ্র ব্যবসা ও আবাসন সুযোগ বৃদ্ধি করবে।

"অ্যামিটিভিল গ্রামের এই রূপান্তরকারী প্রকল্পসমূহ বাসিন্দা ও বাইরে থেকে আসা মানুষ সবার জন্য তাদের প্রাপ্য প্রাণবন্ত, নিরাপদ ডাউনটাউন প্রদান করবে," **গভর্নর হোকল বলেন।** "অনন্য ওয়াটারফ্রন্টকে সংযুক্ত করে, পরিবহনের বিকল্পসমূহকে পুনর্জীবিত করে, এবং বাণিজ্যিক ও আবাসিক সড়কগুলিকে উন্নত করে, আমরা নিশ্চিত করতে পারি যাতে আগামী অনেক বছরের জন্য অ্যামিটিভিল লগিন আইল্যান্ডের একটি অবশ্যই যেতে হবে এমন গন্তব্য হয়ে থাকে।"

অ্যামিটিভিল গ্রামটি একাধিক মুখ্য লং আইল্যান্ড পরিবহন করিডোরের নেক্সাসে অবস্থিত। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এলাকার সাথে নিউ ইয়র্ক সিটির নৈকট্য এবং মুখ্য পরিবহন করিডোর ও বিমানবন্দরের সাথে এর সুবিধাজনক অ্যাক্সেস নতুন ব্যবসা ও বাসিন্দাকে ডাউনটাউন আকৃষ্ট করার সময় একটি মুখ্য সম্পদ হিসেবে কাজ করে। গ্রামটি এর গোছানো, হাঁটার উপযোগী ডাউনটাউনকে লং আইল্যান্ড রেলরোড (Long Island Railroad, LIRR) ট্রেন স্টেশনকে কেন্দ্র করে গড়ে তুলতে চায়, যা লং আইল্যান্ডের প্রধানতম গন্তব্যের একটি, এবং যা এর অনন্য ওয়াটারফ্রন্ট সংস্কৃতি ও ঐতিহাসিক চারুতা দ্বারা সংজ্ঞায়িত হয়। অ্যামিটিভিল একাধিক প্রকল্প দ্বারা এর পুনরুজ্জীবনের গতিবেগ গঠন করেছে, যার মধ্যে আছে পথচারী ও বাইক লেন এবং মিশ্র ব্যবহারের এবং আবাসিক পরিবহন অভিমুখী ডেভেলপমেন্টসমূহ।

DRI বিনিয়োগগুলি লং আইল্যান্ডের অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। স্টেট বিভাগের (Department of State) নেতৃত্বে DRI অংশগ্রহণকারী সম্প্রদায়গুলিকে কারিগরি সহায়তা প্রদান করে যখন তারা একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠন করে এবং তাদের ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করার প্রকল্পসমূহকে সনাক্ত করে।

DRI-র মাধ্যমে অর্থায়িত নির্দিষ্ট প্রকল্পসমূহ সম্প্রদায়ের কৌশলী বিনিয়োগ পরিকল্পনার একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন, সংযোগ, হাঁটার উপযোগিতা, ট্রানজিট অ্যাক্সেস ও সৌন্দর্যবর্ধন; এবং একটি ট্রানজিট অভিমুখী প্রাণোচ্ছলতা ও কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে ডাউনটাউনের প্রবৃদ্ধির প্রচার করতে ক্ষুদ্র ব্যবসা ও আবাসন সুযোগ বৃদ্ধি করবে। DRI-র মাধ্যমে এইসব প্রকল্পে করা 9.7 মিলিয়ন মার্কিন ডলার পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর ও গতিবেগ বৃদ্ধির সাথে সাথে অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করবে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

<u>হাঁটার উপযোগিতা, ট্রানজিট অ্যাক্সেস ও সৌন্দর্যবর্ধন উন্নত করা</u>

ব্রডওয়েতে সম্পূরক সড়ক বাস্তবায়ন - DRI পুরস্কার: 5,029,000 মার্কিন ডলার
ব্রডওয়েতে স্টার্লিং প্লেস থেকে আয়ারল্যান্ড প্লেস পর্যন্ত রোডওয়ে এবং পথচারী স্থানের উন্নয়নকাজের একটি সিরিজ যা সংযোগ, হাঁটার উপযোগিতা এবং ডাউনটাউনের নিরাপত্তা উন্নত করবে। ট্র্যাফিক শান্ত করার ব্যবস্থার মধ্যে থাকবে অ্যাভন প্লেস থেকে ওয়েস্ট স্মিথ স্ট্রিট পর্যন্ত পথচারী উন্নয়ন।

LIRR স্টেশনের পুনরুজ্জীবন এবং ডাউনটাউনের সাথে সংযোগ- DRI পুরস্কার: 1,314,000 মার্কিন ডলার
LIRR স্টেশনের প্রবেশপথসমূহ ও সংযোগসমূহ হালনাগাদ করা হবে যাত্রীদের জন্য আরো স্বাগত আগমনের জন্য এবং একই সাথে স্টেশন, ডাউনটাউনের দোকান এবং নতুন আবাসিক ডেভেলপমেন্টের মধ্যে পরিষ্কার, নিরাপদ পথচারী সংযোগের জন্য।

গ্রামের পথ খুঁজে পাওয়ার সমন্বয় - DRI পুরস্কার: 81,000 মার্কিন ডলার
গ্রামটি স্বতন্ত্র গ্রামের পথ খুঁজে পাওয়ার সাইনেজ তৈরি ও স্থাপন করবে ডাউনটাউনের চেহারা উন্নত করার জন্য ও পথচারীদের অভিজ্ঞতা উন্নত করার জন্য।

<u>ক্ষুদ্র ব্যবসা ও আবাসন সুযোগ সম্প্রসারিত করা একটি ট্রানজিট অভিমুখী প্রাণোচ্ছলতা ও কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে ডাউনটাউনের প্রবৃদ্ধির প্রচার করার জন্য।</u>

<u>21 গ্রিন অ্যাভিনিউতে</u> একটি মিশ্র ব্যবহারের ভবন গঠন - DRI পুরস্কার: 1,307,000 মার্কিন ডলার

প্রাক্তন ভিলেজ হলটি পুনর্গঠন করে পুনরায় ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করে একটি মিশ্র ব্যবহারের ভবনে পরিণত করা হবে, ভবনের মোট আকার বৃদ্ধি করা হবে এবং বিদ্যমান অফিস ও বাণিজ্যিক স্থানের সাথে আনুমানিক আটটি আবাসিক ইউনিট যোগ করা হবে। এছাড়াও অ্যামিটিভিলের ইতিহাসকে সম্মান জানিয়ে তৈরি একটি নতুন ম্যুরাল দিয়ে ভবনটির সৌন্দর্যবর্ধন হবে।

একটি বাণিজ্যিক স্টোরফ্রন্ট পুনরুজ্জীবন তহবিল বাস্তবায়ন - DRI পুরস্কার: 600,000 মার্কিন ডলার

একটি স্টোরফ্রন্ট পুনরুজ্জীবন তহবিল DRI এলাকার মধ্যে ভবনের বাহ্যিক সংস্কারের জন্য অনুদান প্রদান করবে। হালনাগাদকরণ গ্রামের চরিত্রের সাথে মানানসই হবে এবং এর মধ্যে ফ্যাসেড, প্রবেশপথ, অনিং, বাতি ও সাইনেজ থাকতে পারে।

137-157 ব্রডওয়েতে একটি পেশাদার অফিস ভবনের পুনর্বাসন - DRI পুরস্কার: 425,000 মার্কিন ডলার

বিস্তৃত ডাউনটাউন ফ্রন্টেজসহ 22,000 বর্গফুটের বাণিজ্যিক মেডিকেল ভবনটি সংস্কার করা হবে ভাড়াটিয়াদের আরো আকৃষ্ট করতে এবং গ্রামের সার্বিক চরিত্রে অবদান রাখতে। সংস্কার কাজগুলি ঐতিহাসিক নকশার চরিত্রকে সম্মান জানাবে এবং গ্রামের সার্বিক নান্দনিকতায় অবদান রাখবে।

হুক এবং ল্যাডার 1 নম্বর ভবনের সাথে লোসিস কর্নার পুনঃস্থাপন - DRI পুরস্কার: 277,000 মার্কিন ডলার

অ্যামিটিভিলের সবথেকে পুরনো কাঠামোগুলির তিনটিকে সংস্কার করে একটি আন্তঃসংযুক্ত, মিশ্র ব্যবহারের খুচরা বিক্রয় ও খাওয়াদাওয়ার কমপ্লেক্স তৈরি করা হবে পার্ক অ্যাভিনিউ ও আয়ারল্যান্ড প্লেসের কোণায়। সংস্কার কাজের মধ্যে থাকবে মূল ভবন, ফায়ারহাউজ ও কটেজের অভ্যন্তরীণ ও বাহ্যিক কাজ এবং একই সাথে খুচরা বিক্রয়, খাওয়াদাওয়া এবং/অথবা জাদুঘর ধরণের জন্য সংলগ্ন খোলা স্থানে কাজ।

140a ব্রডওয়েকে একটি মিশ্র ব্যবহারের খাওয়াদাওয়া ও অফিস ভবন হিসাবে সংস্কার - DRI পুরস্কার: 235,000 মার্কিন ডলার

140a ব্রডওয়ের ভবনটিকে সংস্কার ও সম্প্রসারণ করা হবে টেকসই ভবন অনুশীলন ব্যবহার করে যেখানে নিচতলায় বিশেষ খাওয়াদাওয়ার অভিজ্ঞতার ব্যবস্থা থাকে ঘরের বাইরে বসার জন্য একটি প্যাটিওসহ এবং দ্বিতীয় তলায় একটি আইন অফিস থাকবে।

217 ব্রডওয়েতে একটি নতুন ভোজনশালা তৈরি - DRI পুরস্কার: 150,000 মার্কিন ডলার

217 ব্রডওয়েতে খালি থাকা একটি প্রাক্তন পিজার দোকানকে বিস্তৃতভাবে সংস্কার করে একটি নতুন রেস্টুরেন্ট স্থাপন করা হবে যা ডাউনটাউনের খাদ্য ও পানীয়ের বিকল্পে বৈচিত্র্য যোগ করবে এবং সম্প্রদায়ের মধ্যে সেবা ও বিনোদন শিল্পখাতে নতুন চাকরির সুযোগ সৃষ্টি করবে।

187 ব্রডওয়েতে একটি শিল্পীর স্টুডিও স্থাপন - DRI পুরস্কার: 142,000 মার্কিন ডলার

ব্রডওয়ের খালি বাণিজ্যিক স্থানকে সংস্কার করা হবে এবং পুনরায় ব্যবহার করে স্থানীয় পারফর্মিং, থিয়েটার ও ভিজ্যুয়াল শিল্পীদের জন্য একটি মিশ্র স্টুডিওতে পরিণত করা হবে। নতুন স্থানটি, যেখানে একটি সম্মিলিত নাচের স্টুডিও/থিয়েটার এবং একটি ভিজ্যুয়াল শিল্পের কর্মশালা থাকবে, সম্প্রদায়ের সদস্যদের ঘণ্টার ভিত্তিতে ভাড়া নেওয়ার জন্য উপলভ্য থাকবে।

136 ব্রডওয়েতে একটি আউটডোর বিয়ার বাগান স্থাপন - DRI পুরস্কার: 140,000 মার্কিন ডলার
একটি বিদ্যমান আইরিশ পাব ও রেস্টুরেন্টের পশ্চিম পাশের লটে একটি বিয়ার বাগান তৈরির জন্য একটি আউটডোর বসার ব্যবস্থা তৈরি করা হবে। সংস্কার কাজটি খাওয়াদাওয়া/পানের স্থান এবং স্থানীয় শিল্পীদের পরিবেশনায় লাইভ মিউজিকসহ অতিরিক্ত বসার ব্যবস্থা যোগ করবে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "অ্যামিটিভিল লং আইল্যান্ডের একটি প্রাকৃতিক দৃশ্যে পূর্ণ গ্রাম যেটির মুখ্য পরিবহন করিডোরের সাথে সুবিধাজনক অ্যাক্সেস রয়েছে, এবং এটি স্টেটজুড়ে বাসিন্দা ও বেড়াতে আসা মানুষের জন্য একটি প্রধানতম গন্তব্য। নিউ ইয়র্ক স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে, অ্যামিটিভিল 10 মিলিয়ন মার্কিন ডলার পাবে পথচারী ওয়াকওয়ে ও একটি অত্যাবশ্যকীয় LIRR স্টেশন উন্নত করতে; ভবনগুলিকে খুচরা বিক্রয় ও খাওয়াদাওয়ার জন্য পুনরায় ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করতে; এবং স্টোরফ্রন্টগুলিকে ভবনের বাহ্যিক সংস্কারে সহায়তা করতে তহবিল প্রদান করবে। এই বিনিয়োগগুলি অ্যামিটিভিলের অনন্য সম্পদ ব্যবহার ও প্রসারিত করবে। অভিনন্দন অ্যামিটিভিল সম্প্রদায়কে!"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এমন কৌশলী বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা অ্যামিটিভিল গ্রামকে একটি প্রাণবন্ত, পরিবহন ভিত্তিক কেন্দ্র হিসেবে পুনর্জীবিত করবে। ক্ষুদ্র ব্যবসার সুযোগ সম্প্রসারণ ও ডাউনটাউন জেলার চেহারা ও অনুভূতি উন্নত করার মাধ্যমে, এই DRI প্রকল্পসমূহ আগামী অনেক দশকের জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধির অনুঘটক হিসেবে কাজ করবে।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ স্টেট ও স্থানীয় নেতৃবৃন্দকে একত্রিত করে নিউ ইয়র্কের ডাউনটাউন এলাকাগুলিতে বুদ্ধিমান, অভীষ্ট বিনিয়োগের সূচনা করার জন্য। অ্যামিটিভিলে অর্থপ্রাপ্ত 11টি প্রকল্প গ্রামের বিশেষ প্রয়োজন মেটাবে যেমন হাঁটার উপযোগিতা উন্নত করা, ডাউনটাউন বাণিজ্যিক ভবনসমূহকে সংস্কার করা, নতুন ব্যবসাসমূহকে সমর্থনকে রা যাতে করে অ্যামিটিভিল একটি প্রাণবন্ত ও স্বাগত বসবাস ও বেড়ানোর স্থান হিসেবে নিজের পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করতে পারে।"

স্টেটের সিনেটর জন ই. ব্রুকস বলেন, "আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এই অর্থায়ন উদ্যোগ প্রদান করার জন্য যা ডাউনটাউন অ্যামিটিভিলের বিকাশ ও আধুনিকায়নে সাহায্য করবে," বলেন সিনেটর জন ব্রুকস। "প্রস্তাবিত অগ্রগতিসমূহ অতি প্রয়োজনীয় চাকরি ও

আবাসন বৈচিত্র্য নিয়ে আসবে, যা পরিণামে সকল লং আইল্যান্ড অধিবাসীর জন্য উপলভ্য অর্থনৈতিক সুযোগসমূহকে পুনর্জীবিত করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য কিম্বার্লি জন-পিয়ের বলেন, "আমি ডাউনটাউন পুনরুজ্জীবনের আদর্শ হিসেবে কাজ করার জন্য অ্যামিটিভিল গ্রামের থেকে ভালো সম্প্রদায়ের কথা চিন্তা করতে পারি না। আজকের ঘোষণাটি দিয়ে নিউ ইয়র্ক আবাসন সুযোগ ও হাঁটার উপযোগী ডাউনটাউন করিডোরে বিনিয়োগ করার মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচনা করতে এর প্রতিশ্রুতি আরেকবার নিশ্চিত করছে যা আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করবে এবং অ্যামিটিভিলের মতো সম্প্রদায়কে সমৃদ্ধির নতুন যুগে নিয়ে যাবে। আমি আরেকবার মেয়র ডেনিস সিরি এবং সম্পূর্ণ অ্যামিটিভিল গ্রামের ট্রাস্টি বোর্ডকে অভিনন্দন জানাচ্ছি এই সুপ্রাপ্য অর্থের জন্য এবং গভর্নর হোকল ও তার দলকে ধন্যবাদ জানাচ্ছি লং আইল্যান্ডে ও পুরো নিউ ইয়র্ক স্টেটে অ্যামিটিভিলের মতো সম্প্রদায়সমূহের প্রবৃদ্ধি ও প্রাণোচ্ছলতাকে সমর্থন করার জন্য।"

সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "আমাদের প্রাণবন্ত ডাউনটাউনগুলির সাফল্য ও পুনরুজ্জীবনের জন্য সংযোগ ও হাঁটার উপযোগিতা অতি গুরুত্বপূর্ণ। গভর্নর ক্যাথি হোকলের কল্যাণে, অ্যামিটিভিল সত্যিকারের রূপান্তরকারী প্রকল্পসমূহ নিয়ে অগ্রসর হতে পারবে যা আগামী অনেক বছরের জন্য প্রবৃদ্ধির প্রসার করবে।"

অ্যামিটিভিল গ্রামের মেয়র ডেনিস এম. সিরি বলেন, "আমরা বিজয়ীদের অভিনন্দন জানাই এবং এই সুন্দর সুযোগগুলি বাস্তব হতে দেখার জন্য উন্মুখ। আমরা নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন কমিটি যারা একদম শুরুতে কাজ আরম্ভ করেছে তাদের থেকে শুরু করে স্থানীয় কমিটি এবং DRI দল যারা আমাদের পুরো প্রক্রিয়ায় নির্দেশনা দিয়েছে তারা পর্যন্ত এই অনুদান প্রক্রিয়ায় যারা অবদান রেখেছে সকলের প্রতি কৃতজ্ঞ। অ্যামিটিভিল আমাদের ডাউনটাউনের জন্য এই রূপান্তরকারী তহবিল দ্বারা উপকৃত হবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418